গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(আইসিটি শাখা)
www.joypurhat.gov.bd

## জেলা ইনোভেশন কমিটির জানুয়ারি ২০২৩ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
জয়পুরহাট
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
তারিখ : ১৫ জানুয়ারি ২০২৩
সময় : বেলা ১:০০ টা

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতেই গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | **উদ্ভাবনী উদ্যোগসমূহ বিষয়ে আলোচনা :**<br>সভাপতি ২০২২-২০২৩ নতুন অর্থবছরে জেলায় নতুন নতুন উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। সভায় "উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়ন অগ্রগতি" বিষয়ে বিশদ আলোচনা করা, সরকারি দপ্তরগুলোতে ইনোভেশনমূলক উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। | জেলা ও উপজেলা পর্যায়ে জনবান্ধবমুখী উদ্ভাবনী নতুন নতুন উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.জেলা/উপজেলার সকল সরকারি দপ্তর প্রধানগণ<br>২.জেলা/উপজেলা ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ |
| ২. | **নিরাপদ জয়পুরহাট:**<br>সভায় সভাপতি জানান "নিরাপদ জয়পুরহাট" অ্যাপস এর মাধ্যমে বাল্যবিবাহ, ইভটিজিং, নির্যাতনের শিকার যে কোন ছাত্রী/নারী অভিযোগ দায়েরসহ মাদক, দুর্নীতি ও সরকারি কাজে অনিয়মের বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন মর্মে জানানো হয়। দায়েরকৃত অভিযোগটি গোপনীয়তা রক্ষাপূর্বক আবেদন আকারে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়। এতে অভিযোগকারীর অভিযোগ বিষয়ে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণপূর্বক সামাজিক ন্যায়বিচার ও সুশাসন নিশ্চিত হয় মর্মে সভায় উল্লেখ করা হয়। এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচারণামূলক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর কর্তৃক গৃহীত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার জয়পুরহাট সদর |
| ৩. | **সুশাসন ও শুদ্ধাচার দর্পণ:**<br>সভাপতি সুশাসন ও শুদ্ধাচার দর্পণ কার্যক্রমের উপর গুরুত্ব আরোপ করে কার্যক্রমটি চলমান রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সুশাসন ও শুদ্ধাচার দর্পণ কার্যক্রমটি চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর জয়পুরহাট<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট<br>৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল), জয়পুরহাট<br>৪। প্রধান শিক্ষক, সকল প্রাথমিক বিদ্যালয়, আক্কেলপুর জয়পুরহাট |
| ৪. | **বহিশিখা আক্কেলপুর মডল:**<br>উপজেলা প্রশাসন ও উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড, আক্কেলপুর, জয়পুরহাট এর যৌথ উদ্যোগে বিধবা, স্বামী | বহিশিখা আক্কেলপুর মডেল নামক ইনোভেশন কার্যক্রমটি যথাযথ বাস্তবায়নের সিদ্ধান্ত | উপজেলা নির্বাহী অফিসার আক্কেলপুর, জয়পুরহাট |

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | পরিত্যক্তা দু:স্থ অসহায় মহিলাদের দারিদ্র দূরীকরণ ও আত্নকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্বনির্ভর করে গড়ে তোলার লক্ষ্যে বহিশিখা আক্কেলপুর মডেল নামক ইনোভেশন কার্যক্রমের আওতায় এ জেলার আক্কেলপুর উপজেলাধীন গোপীনাথপুর গ্রামে বহিশিখা দু:স্থ মহিলা পল্লী দল নামক সমিতি প্রতিষ্ঠা করার উদ্ভাবনী উদ্যোগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি উদ্যোগটি যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। | গৃহীত হয়। | |
| ৫. | **উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন সংক্রান্ত আলোচনা:**<br>সভায় জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক উদ্ভাবনী পাইলট উদ্যোগসমূহ নিয়মিত পরিদর্শনসহ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা/উপজেলায় গৃহীত উদ্ভাবনী পাইলট উদ্যোগসমূহ পরিদর্শনপূর্বক উদ্যোগসমূহ বাস্তবায়ন বিষয়ে সুচিন্তিত মতামত/ পরামর্শ প্রদানের পাশাপাশি এ কার্যালয়ে বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে। | ১. দপ্তর প্রধান, জেলা/উপজেলার সকল সরকারি দপ্তর<br>২. জেলা/উপজেলা ইনোভেশন টিমের সদস্য (সকল), জয়পুরহাট |

পরিশেষে সভাপতি জনগণের দোরগোড়ায় ই-সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে আগামী সভায় নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ উপস্থাপন, গৃহীত উদ্যোগসমূহ বাস্তবায়ন ও প্রচারের ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/২/২৬

(মো: আনোয়ার পারভেজ)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
ইনোভেশন অফিসার
জয়পুরহাট
ফোন: ০২৫৮৯৯১৫০৫৫
adcgjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(আইসিটি শাখা)
www.joypurhat.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৩৮০০.০১৫.০৬.০০৩.১৮. ২৬

তারিখ : ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫. জেলা প্রশাসক, জয়পুরহাট।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার/
০৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট।
০৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট।
০৮. উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর, জয়পুরহাট।
০৯. জেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট।
১০. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জয়পুরহাট।
১১. সহকারী কমিশনার (ভূমি), পাঁচবিবি, জয়পুরহাট।
১২. জেলা ..........................................................কর্মকর্তা, জয়পুরহাট।
১৩. সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, জয়পুরহাট।
১৪. প্রধান শিক্ষক, রামদেও বাজলা সরকারি উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট।
১৫. জনাব, ..........................................................................................।

৩০/০১/২৩

(মো: হাবেল উদ্দিন)
সহকারী কমিশনার
আইসিটি শাখা
ফোন : ০২৫৮৯৯১৫০৬৬
acictjoypurhat@gmail.com